

গ্যাসের বিষক্রিয়ায় অসুস্থ ১৭ ছাত্র-ছাত্রী হাসপাতালে

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল বুধবার দুপুরে কলাবাগান লেকসার্কাস এলাকায় একটি কেসরকারী বিশ্ববিদ্যালয়ের ১৯ জন ছাত্র-ছাত্রী কার্বন-ডাই-অক্সাইড গ্যাসের বিষক্রিয়ায় গুরুতর অসুস্থ হয়ে পড়ে। তাদের সংজ্ঞাহীন অবস্থায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে

স্থানান্তর করা হয়। ১৭ জনকে হাসপাতালে ভর্তি করা হয়। বিকেলে এই সকল ছাত্র-ছাত্রী সুস্থ হয়ে উঠে বলে চিকিৎসকরা জানান।
কলাবাগান লেকসার্কাসের ৬৪/৩ নম্বর ভবনে প্রতিষ্ঠিত ডেফেন্স বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্সের (২য় পৃঃ ৫-এর কঃ প্রঃ)

গ্যাসের বিষক্রিয়ায়

(প্রথম পৃঃ পর)

প্রথম বর্ষের ১৯ জন ছাত্র-ছাত্রীর পরীক্ষা শুরু হয় গতকাল সকাল ১০টায়। তারা পূর্তাতপ নিয়ন্ত্রিত কক্ষে পরীক্ষা দিচ্ছিল। কক্ষটি কাঁচ দিয়ে ঘেরা। আগের দিন ঐ এলাকায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকায় কর্তৃপক্ষ জেনারেটরের সাহায্যে বিদ্যুৎ সরবরাহ চালু করেন। গতকাল দুপুর ১২টায় পরীক্ষার্থীদের মধ্যে একজনের স্বাস্থ্যকষ্ট শুরু হয়। এর পরপরই সে অসুস্থ হয়ে পড়ে। পর্যায়েক্রমে কক্ষের অন্যান্য ছাত্র-ছাত্রী অসুস্থ হয়। কর্তৃপক্ষ তাদের দ্রুত হাসপাতালের জরুরী বিভাগে নিয়ে যান। কর্তব্যরত চিকিৎসক জানান, অগ্নিহেনের অভাবে কার্বন-ডাই-অক্সাইড গ্যাসের বিষক্রিয়ায় তারা অসুস্থ হয়ে পড়ে। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীরা হচ্ছে : তৌফিক আলম অনু (২০), শাহীন (২০), অতি (২১), ইলিয়াক (২০), সাইফুল (২১), মাসুম (২২), সোহাগ (২১), ইব্রাহিম (২২), সাজ্জাদ হোসেন নয়ন (২০), আনোয়ার শাহদাত মফন (২২), রায়হান (২০), রহাত (২২), সেদহল (২০), হীরা (২০), শাহীন (২১), জোবায়ের (১৯) ও আশরাফ (২০)।